**ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬**

# প্রতিযোগিতা নির্দেশিকা

বিষয়ঃ নাটক

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। বিদ্যমান পুষ্টি খাতের প্রতিবন্ধকতা সমূহের টেকসই সমাধানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে। INO ২০২৬ এর মূল প্রতিপাদ্য "**উন্নত পুষ্টির জন্য বেসরকারি খাতের ভূমিকাঃ** সকলের জন্য পুষ্টি নিশ্চিতকরণে ব্যবসা পরিবেশ উন্নয়ন এবং উদ্যোক্তাদের দায়িত্বশীলতা ও সক্ষমতা বৃদ্ধি"। এই লক্ষ্য অর্জনে INO ২০২৬ তরুণ, সরকার, বেসরকারি খাত, নীতিনির্ধারক এবং উন্নয়ন সহযোগী প্রতিনিধিদের একত্রিত করবে। নবম ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) আগামী ১১-১২ ডিসেম্বর, ২০২৬ তারিখে ঢাকা, বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে 'রান্না প্রতিযোগিতা'সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। শিশু, কিশোর- কিশোরী, তরুণ-তরুণী এবং প্রাপ্তবয়স্কদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ 'নাটক প্রতিযোগিতায়' অংশগ্রহণ করতে পারবে।'নাটক প্রতিযোগিতায়' অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

**বয়সের গ্রুপঃ**

| গ্রুপ ক | গ্রুপ খ | গ্রুপ গ |
|---|---|---|
| ৬-১০ | ১১-১৮ | ১৯-২৪ |

**প্রতিপাদ্য বিষয়ঃ প্রাথমিক বাছাই পর্ব (পরবর্তী রাউন্ডের বিষয় প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণদের জানানো হবে)।**

**গ্রুপ কঃ** জাঙ্ক ফুড থেকে স্বাস্থ্যকর খাবারে: এক শিশুর যাত্রা

**গ্রুপ খঃ** স্কুলের সেই প্রচারণা, যা বদলে দিল খাদ্যাভ্যাস

**গ্রুপ গঃ** আমাদের খাদ্যের ভবিষ্যৎ: উন্নত পুষ্টির জন্য বেসরকারি খাতের সমাধান

**যোগ্যতাঃ**

- অংশগ্রহণকারীদের অবশ্যই INO ২০২৬ এর ওয়েবসাইট (www.nutritionolympiad.net) এ নিবন্ধন ফরম পূরণ করতে হবে এবং নিবন্ধনের সময় ‘ নাটক প্রতিযোগিতা’ নির্বাচন করতে হবে।
- নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকা যে কেউ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।
- প্রতিযোগীরা এককভাবে অথবা সর্বোচ্চ ৩ (তিন) সদস্যের দল হিসেবে অংশগ্রহণ করতে পারবেন।
- অংশগ্রহণকারী, তার অভিভাবক অথবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ন্যূনতম তথ্যপ্রযুক্তি সুবিধা থাকতে হবে (ফোন, ই-মেইল বা হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট)।

**রেজিস্ট্রেশনঃ**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৬-এর নির্দিষ্ট ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে। INO ২০২৬ ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) দেওয়া রেজিস্ট্রেশন লিঙ্কে ক্লিক করে ‘নাটক প্রতিযোগিতা’ নির্বাচন করুন।

**রেজিস্ট্রেশনের শেষ তারিখ:** আগস্ট ৩১, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**জমা দেওয়া শেষ তারিখ:** সেপ্টেম্বর ৩০, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**নাটক প্রতিযোগিতা নির্দেশিকা :**

**১.অংশগ্রহণকারীর তথ্য:**

নাম, বয়স, লিঙ্গ, শ্রেণী / পদবি / পরিচয়, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগ নম্বর, ই-মেইল।

**২.ভাষাঃ** বাংলা বা ইংরেজি।

**৩.জমা ও নির্বাচন প্রক্রিয়া:**

**প্রাথমিক নির্বাচনঃ**

- অংশগ্রহণকারীরা অনলাইনে জুমের মাধ্যমে বা তাদের নিজ নিজ স্কুলে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- স্বশরীরে উপস্থিতির জন্য প্রতিটি স্কুল সর্বোচ্চ সেরা ৫ টি নাটক নির্বাচন করবে। নির্বাচিত নাটক নাম, বয়স এবং প্রতিষ্ঠানের নাম সহ ইমেইল বা গুগল ফর্মে আপলোড [ভিডিও রেকর্ড (সর্বোচ্চ আকার ১০০ MB)] এর মাধ্যমে জমা দেওয়া যাবে।
- প্রতিযোগিতা চলাকালীন অনলাইনে অংশগ্রহণকারীদের অবশ্যই তাদের ক্যামেরা চালু রাখতে হবে।

**চূড়ান্ত প্রতিযোগিতাঃ**

- প্রাথমিক পর্যায়ে নির্বাচিত প্রতযোগিরা পরবর্তী রাউন্ডে জেলা ও বিভাগ ভিত্তিক এবং স্কোরের ভিত্তিতে ফাইনাল রাউন্ডে অংশ নিবেন।
- প্রতিটি নির্ধারিত বয়সভিত্তিক বিভাগ থেকে প্রাথমিকভাবে নির্বাচিত শীর্ষ ৫ জন অংশগ্রহণকারী INO ২০২৬ এর চূড়ান্ত পর্বে নির্ধারিত ভেন্যুতে সরাসরি নাটক উপস্থাপন করবেন।
- প্রতিটি বয়সভিত্তিক বিভাগ থেকে সেরা ৩ জন / দল বিজয়ী হিসেবে নির্বাচিত হবে এবং INO ২০২৬-এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের ঘোষণা করা হবে।

**স্কোরঃ**

| ক্রম | ধরণ | নাম্বার |
|---|---|---|
| ০১ | মূল বিষয়ের পরিচিতি | ৩০ |
| ০২ | পোশাক | ১৫ |
| ০৩ | স্পষ্ট ভাষা | ২০ |
| ০৪ | অভিনয় | ২৫ |
| ০৫ | নিয়ম অনুসরণ | ১০ |
| | **মোট** | **১০০** |

**বিশেষ দ্রষ্টব্যঃ**

- বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোনো ধরনের অসদুপায় বা অনিয়ম প্রমাণিত হলে সংশ্লিষ্ট অংশগ্রহণকারীকে প্রতিযোগিতা থেকে অযোগ্য ঘোষণা (Disqualify) করা হবে।
- প্রতিটি নির্ধারিত বয়সভিত্তিক বিভাগে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত অংশগ্রহণকারীকে INO ২০২৬ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী হিসেবে ঘোষণা করা হবে।

**যোগাযোগঃ**

নাটক প্রতিযোগিতা সম্পর্কে আপনার যে কোন তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুনঃ +৮৮০১৭৮২৫১০০৮৯, +৮৮০২৮৭১৪১৬৯, +৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা মেইল: ino@biid.org.bd

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩টি (তিন) প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।**